

বাংলাদেশ দূতাবাস ও স্থায়ী মিশন
ভিয়েনা, অস্ট্রিয়া

১৪ ডিসেম্বর ২০২২

সংবাদ বিজ্ঞপ্তি

ভিয়েনায় যথাযোগ্য মর্যাদায় শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২২ পালন

ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাস ও স্থায়ী মিশনের উদ্যোগে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২২ পালিত হয়।

বিকেলে দূতাবাস প্রাঙ্গনে দিবসটি উপলক্ষে পর্যায়ক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ, শহিদ বুদ্ধিজীবীদের শ্রদ্ধায় ও স্মরণে এক মিনিট নীরবতা পালন ও দিবসের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে সাধারণ আলোচনা করা হয়।

দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব তানভীর আহমেদ তরফদার-এর সঞ্চালনায় এই আলোচনা সভায় সভাপতিত্ব করেন দূতাবাসের চার্জ দ্য এফেয়ার্স জনাব রাহাত বিন জামান।

সভাপতির বক্তব্যে চার্জ দ্য এফেয়ার্স জনাব রাহাত বিন জামান বলেন একাত্তরের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের শেষ পর্যায়ে পরাজয় নিশ্চিত জেনে রাজাকার, আলবদর, আলশামস বাহিনীর সহযোগিতায় প্রথিতযশা ও খ্যাতনামা বুদ্ধিজীবীদের নির্বিচারে হত্যা করে বাংলাদেশকে মেধাশূন্য করার অপচেষ্টা চালায় পাক হানাদার বাহিনী। একটি জাতিকে মেধাশূন্য করার জন্য এরকম নৃশংসতম ও বর্বরোচিত হত্যাজ্ঞ পৃথিবীর ইতিহাসে বিরল। এ ধরনের পরিকল্পনা ও বাস্তবায়ন মূলতঃ গণহত্যার শামিল। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকল শহিদ ও মুক্তিযুদ্ধের সকল শহিদদের প্রতিও গভীর শ্রদ্ধা জানান। তিনি শহিদ বুদ্ধিজীবীদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

অনুষ্ঠান শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল শহিদ, মুক্তিযুদ্ধের সকল শহিদ ও শহিদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফিরাত এবং দেশের শান্তি-সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।